

## বিএসএমএমইউতে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উদযাপন

গত ১০ জানুয়ারি ২০১৭ইং তারিখে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে যথাযোগ্য মর্যাদায় জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক স্বদেশ প্রত্যাবর্তন দিবস উদযাপিত হয়েছে। দিবসটি উপলক্ষে সকাল ১০টা ৩০ মিনিটে অত্র বিশ্ববিদ্যালয়ের বি ব্লকের নীচে স্থাপিত জাতির জনকের মুর্যালে অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খানের নেতৃত্বে শিক্ষক, ছাত্রছাত্রী, শিক্ষক, কর্মকর্তা, নার্স, মেডিক্যাল টেকনোলজিস্ট ও কর্মচারীবৃন্দ পুষ্পস্তবক অপর্ণের মাধ্যমে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন। এসময় উপস্থিত ছিলেন এ বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. এ এস জাকারিয়া স্বপন, সাবেক উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. মোঃ রুহুল আমিন মিয়া, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোঃ আলী আসগর মোড়ল, সার্জারি অনুষদের ডীন অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া, ডেন্টাল অনুষদের ডীন অধ্যাপক ডা. গাজী শামীম হাসান, মেডিক্যাল টেকনোলজি অনুষদের ডীন অধ্যাপক ডা. মোহাম্মদ আতিকুর রহমান, রেজিস্ট্রার অধ্যাপক ডা. এবিএম আব্দুল হান্নান, প্রক্টর অধ্যাপক ডা. মোঃ হাবিবুর রহমান দুলাল, পরিচালক (পরিদর্শন) অধ্যাপক ডা. একেএম সালেহ, পরিচালক (অধিকতর উন্নয়ন প্রকল্পসমূহ) অধ্যাপক ডা. মোঃ মনিরুজ্জামান খান, চক্ষু বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. জাফর খালেদ, প্রধান প্রকৌশলী জনাব মোঃ শাহজাহান খান, অতিরিক্ত রেজিস্ট্রার-১ অধ্যাপক ডা. মোঃ আসাদুল ইসলাম, অতিরিক্ত রেজিস্ট্রার-২ ডা. স্বপন কুমার তফাদার, সহকারী প্রক্টর ডা. মোঃ আবু তাহের, সহকারী প্রক্টর ও ইন্টারভেনশনাল কার্ডিওলজিস্ট অধ্যাপক ডা. এস এম মোস্তফা জামান, প্যাডিয়াট্রিক কার্ডিওলজি বিভাগের অধ্যাপক ডা. মোঃ জাহিদ হোসেন, নাক কান গলা বিভাগের অধ্যাপক ডা. জহুরুল হক সাজু, উপ-গ্রন্থাগারিক ডা. রোকেয়া সুলতানা, উপ-রেজিস্ট্রার ডা. শেখ আব্দুল্লাহ আল মামুন, উপ-রেজিস্ট্রার ডা. জিল্লুর রহমান ভূঁইয়া, ডা. আরিফুল ইসলাম জোয়ারদার টিট প্রমুখ উপস্থিত ছিলেন। দিবসটি উপলক্ষে বঙ্গবন্ধুর মুর্যালে স্বাধীনতা চিকিৎসক পরিষদ (স্বাচিপ)-এর বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় শাখা এবং ডক্টরস হল সংসদ-এর পক্ষ থেকে পুষ্পস্তবক অপর্ণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করা হয়।

## এন্ডোক্রাইনোলজি বিভাগের বার্ষিক পিঠা উৎসব উদযাপিত

গত ১০ জানুয়ারি ২০১৭ইং তারিখে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের এন্ডোক্রাইনোলজি বিভাগের বার্ষিক পিঠা উৎসব-২০১৭ উদযাপিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান। এসময় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. এ এস জাকারিয়া স্বপন, মেডিক্যাল টেকনোলজি অনুষদের ডীন অধ্যাপক ডা. মোহাম্মদ আতিকুর রহমান, প্রক্টর অধ্যাপক ডা. মোঃ হাবিবুর রহমান দুলাল, পরিচালক (হাসপাতাল) বিস্মেডিয়ার জেনারেল মোঃ আব্দুল্লাহ আল হারুন, এন্ডোক্রাইনোলজি মেডিসিন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. এম এ হাসানাত, সাবেক চেয়ারম্যান অধ্যাপক ডা. মোঃ ফরিদ উদ্দিন, উপ-গ্রন্থাগারিক ডা. রোকেয়া সুলতানা, উপ-রেজিস্ট্রার ডা. শেখ আব্দুল্লাহ আল মামুন, সহকারী অধ্যাপক ডা. শাহজাদা সেলিম প্রমুখ।

## বিরল রোগে আক্রান্ত বীথির পাশে মাননীয় উপাচার্য

গত ১০ জানুয়ারি ২০১৭ইং তারিখ, সকালে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে এন্ডোক্রাইনোলজি (ডায়াবেটিস ও হরমোন) বিভাগে চিকিৎসাধীন বিরল রোগে আক্রান্ত বীথির চিকিৎসার খোঁজ-খবর নিচ্ছেন অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান। এসময় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. এ এস জাকারিয়া স্বপন, মেডিক্যাল টেকনোলজি অনুষদের ডীন অধ্যাপক ডা. মোহাম্মদ আতিকুর রহমান, প্রক্টর অধ্যাপক ডা. মোঃ হাবিবুর রহমান দুলাল, পরিচালক (হাসপাতাল) বিস্মেডিয়ার জেনারেল মোঃ আব্দুল্লাহ আল হারুন, এন্ডোক্রাইনোলজি মেডিসিন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. এম এ হাসানাত, সাবেক চেয়ারম্যান অধ্যাপক ডা. মোঃ ফরিদ উদ্দিন, অতিরিক্ত পরিচালক (হাসপাতাল) ডা. নামজুল করিম মানিক, বিএসএমএমইউ'র উপ-গ্রন্থাগারিক ডা. রোকেয়া সুলতানা, উপ-রেজিস্ট্রার ডা. শেখ আব্দুল্লাহ আল মামুন, সহকারী অধ্যাপক ডা. শাহজাদা সেলিম প্রমুখ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, টাঙ্গাইল জেলার নাগরপুর উপজেলার জয়ভোগ গ্রামের দিনমজুর আব্দুর রাজ্জাকের তিন সন্তানের মধ্যে বড় বীথি। জয়ভোগ পাবলিক উচ্চ বিদ্যালয়ের ষষ্ঠ শ্রেণীর শিক্ষার্থী সে। জন্ম থেকেই বীথির মুখে দাড়ি-গোঁফ ও শরীরে লোম ছিল। ১১ বছর বয়স থেকে বুক অস্বাভাবিক আকারে বাড়তে থাকে। এর আগে সাত বছর বয়সে দাঁত পড়ে যায়। পরে আর সেই দাঁত গজায়নি। গত ১৬ এপ্রিল ২০১৬ইং তারিখে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে এন্ডোক্রাইনোলজি (ডায়াবেটিস ও হরমোন) বিভাগে অধ্যাপক ডা. মোঃ ফরিদ উদ্দিনের অধীনে ভর্তি করা হয় বীথিকে।